

শামসুন্নাহার হলে হামলার প্রতিবাদে আজ সারাদেশে ছাত্রলীগের সকাল-সন্ধ্যা হরতাল

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে পুলিশ ও সন্ত্রাসীদের হামলার প্রতিবাদে ছাত্রলীগের আহ্বানে আজ মঙ্গলবার ঢাকাসহ সারাদেশে সকাল-সন্ধ্যা হরতাল পালনের কর্মসূচী নেয়া হয়েছে। ইতিমধ্যেই আওয়ামী লীগ ও ইহার অঙ্গ সংগঠনসমূহ হরতালের প্রতি সমর্থন জানিয়েছে এবং হরতাল সফল করার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান হয়েছে। এদিকে গতকাল বিকালে বঙ্গবন্ধু এভিনিউস্থ আওয়ামী লীগ কার্যালয়ের সম্মুখে নগর আওয়ামী লীগের উদ্যোগে হরতালের সমর্থনে মিছিল বের করা হয়। এছাড়া গতকাল বিকালে ছাত্রলীগ আহুত হরতালের সমর্থনে ছাত্রলীগ, আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যালয়ের সম্মুখে থেকে মিছিল বের করতে চেষ্টা করলে পুলিশ বাধা দেয়। পরে মিছিলকারীরা কার্যালয়ের সম্মুখেই সমাবেশ করে। ভারপ্রাপ্ত সভাপতি মারুফা আক্তার পপি

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ প্রঃ)

সকাল সন্ধ্যা হরতাল

(প্রথম পৃষ্ঠার পর)

সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে সাইফুজ্জামান শিখর, বলরাম পোন্দার, মাইনুল ইসলাম মোস্তাক, তরুণ প্রমুখ বক্তব্য রাখেন। নগর আওয়ামী লীগ ও ছাত্রলীগের পৃথক সমাবেশে নেতৃবৃন্দ আজ আহুত দেশব্যাপী সকাল-সন্ধ্যা হরতাল সফল করার আহ্বান জানান।

গতকাল আওয়ামী লীগের তরুণ নেতৃবৃন্দ এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে পুলিশী হামলা এবং ঢাকা বিশ্ববিদ্যালয় অনিদিষ্টকালের জন্য বন্ধ ঘোষণার প্রতিবাদে আহুত আজকের সকাল-সন্ধ্যা হরতাল সফল করার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান। বিবৃতিতে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক ও সাংবাদিকদের ওপর পুলিশী হামলার তীব্র নিন্দা করেন। বিবৃতিতে স্বাক্ষরদানকারীগণ হচ্ছেন ওবায়দুল কাদের, বাহাদুল মজনু চুন, ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দিন, খ ম জাহাঙ্গীর, আব্দুল মান্নান, মাহমুদুর রহমান মান্না, আজহারুজ্জামান, আব্দুল মান্নান খান, জাহাঙ্গীর কবির নানক, সুলতান মোঃ মনুসর আহমদ, মুকুন্দ বোস, শাহে আলম, জাহাঙ্গীর সাগর চিংকু, উসিম কুমার উকিল, এনামুল হক শামীম, ইসহাক আলী খান পান্না, বাহাদুর ব্যাপারী প্রমুখ। শামসুন্নাহার হলে ছাত্রীদের ওপর পুলিশের হামলার প্রতিবাদে ছাত্রলীগ আহুত হরতালের সমর্থনে গতকাল জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ছাত্ররা বিক্ষোভ মিছিল করে।

এদিকে গতকাল সাঈদ খোকনসহ করাবন্দী আওয়ামী লীগ নেতৃবৃন্দের মুক্তির দাবীতে বিকালে আওয়ামী লীগ কার্যালয়ের সম্মুখে মানববন্ধন, বিক্ষোভ ও সমাবেশের আয়োজন করে। সাবেক এমপি হাবিবুর রহমান মোস্তার সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে ওমর আলী, এডভোকেট কামরুল ইসলাম, আব্দুল হক সবুজ, ইব্রাহিম আলম প্রমুখ বক্তব্য রাখেন।

২৫১ জন সাংস্কৃতিক কর্মীর বিবৃতি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শামসুন্নাহার হলে পুলিশী হামলার প্রতিবাদে বাংলাদেশ ছাত্রলীগ আহুত আজকের দেশব্যাপী সকাল-সন্ধ্যা হরতালের প্রতি সমর্থন জানিয়েছেন বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের ২৫১ জন কর্মী। এক বিবৃতিতে তারা হরতালকে সর্বাত্মকভাবে সফল করার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। বিবৃতিদাতারা হলেন, বিচারপতি কেএম সোবহান, আলমগীর কুমকুম, এডভোকেট তারানা হালিম প্রমুখ।

বাংলাদেশ, আওয়ামী আইনজীবী পরিষদের সভাপতি এডভোকেট সাহারা খাতুন ও স্রোথারণ সম্পাদক এডভোকেট আব্দুল্লাহ আবু ছাত্রলীগ আহুত হরতালের সাথে একাত্মতা ঘোষণা করেছে।